

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.০৫.০৫.০০৫.২০১১- ২৩০

তারিখ: ১৮/০৫/২০২০ খ্রি.

বিষয়: জুড়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ মোঈদ ফারুক এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন।

সূত্র: (১) জেলা প্রশাসক, মৌলভীবাজার এর স্মারক নং- ২২৬, তাং- ০৪/০৫/২০২০খ্রি.

(২) জুড়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান কার্যালয়ের স্মারক নং- ১০, তাং- ১২/০৫/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, জুড়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ মোঈদ ফারুক মদ্যপ অবস্থায় একদল সংঘবদ্ধ লোক নিয়ে গত ০১/০৫/২০ তারিখ রাত ১০ টায় “বকু পোলট্রি ফার্ম” এর উপর বেআইনীভাবে হামলা, ভাংচুর, লুটপাট এবং ফার্মের মালিক দীনবন্দু সেনের আর্থিক, শারিরিক ও মানসিক ক্ষতি সাধন; এছাড়া মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে প্রাপ্ত ধান কাটার হারভেষ্টার মেশিনের যন্ত্রপাতি ভাংচুর, লুটপাট এবং হামলার ঘটনায় বিশাল গণজমায়াতের করে করোনা ভাইরাস প্রাদুর্ভাবের সংকটময় মুহূর্তে আইনশৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতির ঘটানোর কারণে উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ ধারা অনুযায়ী কেন তাকে তার স্থায় পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করা হবে না এ মর্মে কারণ দর্শানো হয়। সূত্রোক্ত ২ নং স্মারকে কারণ দর্শানোর জবাব দাখিল করেন যা সন্তোষজনক নয়।

এমতাবস্থায়, জুড়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ মোঈদ ফারুক এর বিরুদ্ধে বর্ণিত অপরাধের কারণে উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ ধারা অনুযায়ী তাকে তার স্থায় পদ হতে অপসারণের লক্ষ্যে উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ অনুযায়ী তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিভাগীয় কমিশনার  
সিলেট বিভাগ।

(মোহাম্মদ জহিরুল ইসলাম)

উপসচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

অনুলিপি:

১. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ।
- ২। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী, মৌলভীবাজার।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।